৩২৮টি ওষুধের উৎপাদন ও বিক্রির উপর নিষেধাজ্ঞা জারি করল স্বাস্থ্যমন্ত্রক

নয়াদিল্লি, ১৩ সেপ্টেম্বর : মাথা ব্যাথা করলে এবার থেকে আর স্যারিডন খেয়ে আরাম পাওয়ার কথা ভুলে যান। দীর্ঘ আইনি লড়াইয়ের পর কেন্দ্র স্বাস্থ্যমন্ত্রক ৩২৮টি জনপ্রিয় ও পরিচিত ওষুধের উৎপাদন, বিক্রি এবং বণ্টনের উপর নিষেধাজ্ঞা জারি করল। বুধবার থেকেই এই নির্দেশ কার্যকর হয়েছে। আর এই নিষিদ্ধ ওষুধের তালিকায় রয়েছে স্যারিডনের নামও। স্বাস্থ্যমন্ত্রক সূত্রে জানা গিয়েছে, স্যারিডন ছাড়াও রয়েছে ত্বকের মলম প্যানডার্ম, কম্বিনেশন ডায়াবেটিসের ওষুধ গ্লুকোনর্ম পিজি এবং জীবনদায়ী ওষুধ লিউপিডিক্লক্স। গত দু'বছর ধরে স্বাস্থ্য মন্ত্রক এই ওষুধগুলি নিষিদ্ধ করার জন্য অনবরত লড়াই করছিল। কারণ এই ওষুধগুলি মোটেও স্বাস্থ্যকর নয়। ৩২৮টির সবক'টি ওষুধই ফিক্সড ডোজ কম্বিনেশন অর্থাৎ দুই বা ততোধিক যৌগের মিশ্রণে তৈরি। এই মিশ্রিত ওষুধ নিয়ে বহুদিন ধরেই বিতর্ক চলছিল। রোগ সারানোর ক্ষমতা ও সুরক্ষার মাপকাঠিতে ব্যর্থ হয় ওষুধগুলি। ড্রাগ টেকনিক্যাল অ্যাডভাইসারি বোর্ড (ডিটিএবি) তাদের রিপোর্টে ফিক্সড ডোজ ফর্মুলা নিয়ে প্রশ্ন তোলে এবং এই ওষুধগুলি মানুষের স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর, বিপজ্জনক। এমনকি সেখান থেকে বিষক্রিয়া হতে পারে বলে রিপোর্ট দেয় কেন্দ্রকে। এর আগেও ২০১৭ সালে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার সুরক্ষা মন্ত্রক ড্রাগস অ্যান্ড কসমেটিক্স অ্যাক্টের ২৬এ ধারায় ৩৪৪টি ফিক্সড ডোজ কম্বিনেশন ওষুধ বিক্রির উপর নিষেধাজ্ঞা জারি করেছিল। তখন এই নিষেধাজ্ঞায় আপত্তি জানিয়েছিল একাধিক ওষুধ সংস্থা। তারা মামলা করে হাইকোর্টে। সেটি গড়ায় সুপ্রিম কোর্ট পর্যন্ত। শীর্ষ আদালত ২০১৭ সালে ডিটিএবি-এর বিষয়টি খতিয়ে দেখে কেন্দ্রের কাছে রিপোর্ট জমা করার নির্দেশ দেয়। সেই রিপোর্টেও শতাধিক ওষুধ বাতিলের সুপারিশ করা হয়। বোর্ড জানায়, ৩২৮টি ওষুধে যে যৌগ ব্যবহার করা হচ্ছে তা মানব শরীরের পক্ষে ক্ষতিকারক। বোর্ড তখন সুপারিশ করে, জনস্বার্থে ড্রাগস অ্যান্ড কসমেটিক্স ধারা মেনে অবিলম্বে ৩২৮টি ওষুধের উৎপাদন, বিক্রি ও বণ্টন বন্ধ করে দেওয়া হোক। সেই রিপোর্টের উপর ভিত্তি করেই কেন্দ্রের এই সিদ্ধান্ত।

সিএলডব্লুর উদ্যোগে স্কুলে স্বাস্থ্যশিক্ষা কর্মসূচি পালিত

চিত্তরঞ্জন, ১৩ সেপ্টেম্বর : চিরেকার কে জি হাসপাতালের পরিবার কল্যাণ অধিদফতর ১১ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে চিত্তরঞ্জন হাইস্কুলের (ইংলিশ মাধ্যম) বিবেকানন্দ অডিটোরিয়ামে একটি বিদ্যালয় স্বাস্থ্যশিক্ষা কর্মসূচিটি আয়োজন করেছিল। এই দিন ডঃ আলোক মজুমদার, সিএমও/চিরেকা, এই স্কুল স্বাস্থ্য কর্মসূচির গুরুত্বর উপর আলোকপাত করেন। স্কুল স্বাস্থ্য প্রোগ্রাম একটি ইতিবাচক স্বাস্থ্য পদ্ধতি এবং এর উদ্দেশ্য শিশুদের শারীরিক, সামাজিক, মানসিক ও শিক্ষামূলক বৃদ্ধিকে উন্নীত করা।

প্রোগ্রামটির অংশ হিসেবে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে প্রাথমিক চিকিৎসা, কার্ডিওপ্লামনারি রিসাসিটেশন (সিপিআর), পরিচ্ছন্নতা ও মহিলা স্বাস্থ্যবিধি সম্পর্কে অবগত করা হয় যাতে তারা জরুরি অবস্থায় উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে পার। মহিলা স্বাস্থ্য বিষয়ক সচেতনতার সুবিধা সম্পর্কে কিশোরী ছাত্রীদেরও অবগত করা হয়েছে। ডঃ অশোক চক্রবর্তী/সিনিয়র ডিএমও (চোখ), শ্রীমতী মিতালি রায় এবং ডঃ টুলু চক্রবর্তী/সিনিয়র ডিএমও (এফডব্লু) মহিলা স্বাস্থ্যবিধি বিষয় সম্পর্কে চিত্তরঞ্জন হাইস্কুলের (ইংলিশ মাধ্যম) ছাত্রীদের বিষদ তথ্য প্রদান করেন। চিত্তরঞ্জন হাইস্কুলের (ইংলিশ মাধ্যম) সর্বমোট ৪০০ জন শিক্ষার্থী ও শিক্ষক এই প্রোগ্রামে অংশ নেন। চিত্তরঞ্জন হাইস্কুলের অধ্যক্ষ ডঃ পিএস পাণিগ্রাহী এবং পোস্ট গ্রাজুয়েট শিক্ষক এ কে সিং এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

খুব শীঘ্রই ডিএ নিয়ে খুশির খবর শুনতে পাবেন রাজ্য সরকারী কর্মীরা

স্টাফ রিপোটার, কলকাতা : রাজ্য সরকারি কর্মীদের ডিএ সংক্রান্ত মামলায় রাজ্যে সরকারকে হলফনামা পেশের নির্দেশ দিল স্যাট। আগামী ৪ অক্টোবর স্যাটের বিচারপতি রঞ্জিতকুমার বাগের নেতৃত্বাধান বেঞ্চে মামলার শুনানি হবে। সেদিনই রাজ্যকে এই সংক্রান্ত হলফনামা পেশের নির্দেশ দিয়েছে। শুধু রাজ্যেকেই নয়, মামলাকারী অর্থাৎ সরকারি কর্মীদের সংগঠন কনফেডারেশন অব স্টেট গভর্নমেন্ট এমপ্লয়িদকেও হলফনামা পেশের নির্দেশ দিয়েছে আদলত। নতুন করে এই মামলার দিন ধার্জ হওয়াতে খুশি সরকারি কর্মীরা। একই সঙ্গে নতুন করে আশায় বুক বেঁধেছেন রাজ্য সরকারি কর্মীরা। অন্যদিকে, বিজেপি প্রভাবিত রাজ্য সরকারি কর্মীদের সংগঠন সরকারি কর্মচারী পরিষদ স্যাট এই মামলায় যুক্ত হওয়ার আবেদন করেছেন। সংগঠনের আহ্বায়ক দেবাশিস শীল জানিয়েছেন, তাঁদের দায়ের করা মামলার শুনানি কবে হবে, তা স্যাটের বেঞ্চ আগামী ১৭ সেপ্টেম্বর জানাবে। প্রসঙ্গত, কলকাতা হাইকোর্টের বিচারপতি দিবাশিস করগুপ্ত ও বিচারপতি শেখর বি শরাফের ডিভিশনে বেঞ্চ গত ৩১ আগস্ট ডিএ মামলার রায় দেয়। হাইকোর্টের রায়ে জানিয়ে দেওয়া হয়, ডিএ পাওয়ার বিষয়টি কর্মীদের অধিকারের মধ্যে পড়ে। এর আগে স্যাটের নির্দেশে বলা হয়েছিল, ডিএ পাওয়াটা কর্মীদের অধিকারের মধ্যে পড়ে না। এটা সরকারের ইচ্ছাধীন। ডিএ পাওয়া সরকারি কর্মীদের অধিকার বলে ডিভিশন বেঞ্চ মেনে নিলেও রাজ্য সরকারি কর্মীরা কেন্দ্রীয় কর্মীদের সমান হারে ডিএ পাবে কি না, তা নির্ধারণ করার দায়িত্ব ফের স্যাটকে দিয়েছে। সেই মামলাটি স্যাট গ্রহণ করেছে।

শিয়ালদহের বিসি রায় অডিটোরিয়ামে পূর্ব রেলের সদর দফতরে চাইল্ড কেয়ার অ্যান্ড প্রোটেকশন অর্গানাইজেশনের কর্মশালার উদ্বোধন করছেন পূর্ব রেলের জেনারেল ম্যানেজার হরিন্দ্র রাও।

হিরো'স বিহাইন্ড হিরো'স

স্টাফ রিপোটার, হিরোর সঙ্গে হিরোগিরি কিংবা হিরোর পাশে -দ্বিতীয় পর্বে এই শো নিয়ে হাজির মোনি। হিরোর সঙ্গে রয়েছেন কোরিওগ্রাফার টেরেন্স লইল, ডিরেক্টর সুভাষ ঘাই, টেনিস সুন্দরী সানিয়া মির্জা, বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠিত প্রত্যেক হিরোকে সম্বর্ধিত করা হয়। দ্বিতীয় পর্বের এই কর্মসূচির সূচনা করা হয় সোনির পক্ষ থেকে। সোনি ওয়াই এ ওয়াই এর পক্ষ থেকে সম্মনিত করা হয় শরদ বাদক ওস্তাদ আমজাদ আলি খান কে।

ট্রেন্ডস্ পুজো কালেকশন অভিনেত্রী মিমি

স্টাফ রিপোটার: পুজোয় নতুন কালেকশন নিয়ে হাজির ট্রেন্ডস, সম্প্রতি এই নামী ব্রান্ডের পোশাকগুলি উদ্বোধন করলেন টলিউড অভিনেত্রী মিমি চক্রবর্তী, তিনি পুজোর দিন গুলিতে নিজেদের স্বাচ্ছন্ন মত পোশাক পড়াউচিত। এই ব্রান্ডের প্রতিটি পোশাক পছন্দের। নিজেদের পছন্দই পোশাক যা আপনাকে মানাবে তেমন পোশাক অবশ্যই কিনবেন। এই ব্রান্ডের সঙ্গে যুক্ত হতে পেরে আমি খুব খুশি, 'ট্রেন্ডস পুজোফ্যাশন উৎসব'-এর সূচনা করে সংস্থার প্রধান অপারেটিং অফিসার বিপিন ত্যাগী জানান, আমরা পুজোর আগে এই ধরনের আধুনিক পোশাকের সম্ভার লঞ্চ করতে পেরে খুবই খুশি। প্রতিটি পোশাক বর্তমান প্রজন্মের পছন্দ সই।

দেশের অর্থনৈতিক অবস্থা নিয়ে বিরোধীদের তোপের মুখে কেন্দ্র

স্টাফ রিপোর্টার, কলকাতা : দেশের অর্থনৈতিক অবস্থা নিয়ে বিরোধীদের তীব্র আক্রামণের মুখে নরেন্দ্র মোদী সরকার। সরকারের আরও অস্বস্তি বাড়াল দেশের শিল্প উৎপাদন তথ্য। বুধবার কেন্দ্রীয় পরিসংখ্যান দফতর (সিএসও) থেকে সাম্প্রতিকতম শিল্প উৎপাদন সূচক (আইআইপি) প্রকাশ করা হয়েছে। তাতে দেখা যাচ্ছে, গত জুলাইয়ে ভারতে শিল্প উৎপাদন আগের মাসের তুলনায় হ্রাস পেয়েছে। সরকারি পরিসংখ্যান অনুসারে, গত জুলাইয়ে আইআইপি ছিল ৬.৬০ শতাংশ। এর ঠিক আগের যা ছিল ৭ শতাংশ। অর্থাৎ, উল্লিখিত সময়ে দেশের শিল্পক্ষেত্রে বিকাশের গতি আগের মাসের তুলনায় যে মন্থর ছিল। যদিও কেন্দ্রের অর্থনৈতিক নীতি নির্ধারকদের কিছুটা স্বস্তি দিয়ে খুচরো-মুদ্রাস্ফীতি আগের থেকে কমায় কেন্দ্রীয় ব্যাঙ্ক তার আগামী পর্যালোচনায় সুদের হার অপরিবর্তিত রাখতে পারে বলে আশা করা হচ্ছে।

চালকের তৎপরতায় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেল জসিডি প্যাসেঞ্জার

স্টাফ রিপোটার, কলকাতা : একই লাইনে মুখোমুখি দু'টো ট্রেন। শেষ পর্যন্ত চালকের তৎপরতায় বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেল আপ জসিডি প্যাসেঞ্জার এবং ডাউন হলদিবাড়ি সুপারফাস্ট এক্সপ্রেস। বুধবার রাত সাড়ে দশটা নাগাদ পাতিপুকুর রেলস্টেশনের কাছে এই ঘটনাটি ঘটে। কীভাবে একই লাইনে মুখোমুখি চলে এল দু'টি ট্রেন? রেল সূত্রে খবর, রাত দশটা বেজে পঁচিশ মিনিটে ৫৩১৩৯-আপ জসিডি প্যাসেঞ্জার কলকাতা স্টেশন থেকে ছেড়ে যায়। সিগন্যালের সমস্যা থাকায় ট্রেনটিকে একনম্বর লাইনের পরিবর্তে চক্র রেলের লাইন দিয়ে পাস করানোর চেষ্টা করা হয়। কিন্তু সেই লাইনের রাত সাড়ে নটা থেকে দাঁড়িয়েছিল কলকাতা স্টেশনগামী ডাউন হলদিবাড়ি সুপারফাস্ট এক্সপ্রেস। আপ জসিডি প্যাসেঞ্জারের গতি বেশি না থাকায় একই লাইনে উল্টোদিকে আরও একটি ট্রেন দাঁড়িয়ে আছে বুঝতে পেরেই ব্রেক কষেন জসিডি প্যাসেঞ্জারের চালক। প্যাসেঞ্জার ট্রেনের চালকের উপস্থিত বুদ্ধির জেরেই এড়ানো গেছে বড়সড় দুর্ঘটনা। চালকের তৎপরতাতেই শেষ পর্যন্ত রক্ষা পান যাত্রীরা। দীর্ঘ ৩৫ মিনিট একই লাইনে মুখোমুখি দাঁড়িয়ে থাকে ট্রেন দুটি। তরপর স্বাভাবিক হয় ট্রেন কীভাবে এল এ ব্যাপারে কোনও মন্তব্য করতে চাননি কলকাতা স্টেশনের ডেপুটি ম্যানেজার। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে রেল।

Sealed Bids are invited against N.I.T. No.9 of 2018-19 of AE/KCSD- III (P.W.Dte.) for Barricading work. Last Date of Application 20.09.2018 up to 2.00 pm. Details are in Dptl. Notice Board at Office Of The Assistant Engineer, P.W.Dte., KCSD-III. 45, Ganesh Chandra Avenue, (3rd floor), Kolkata-700013.

NIQ No. – WBPWD/EE-KED/NIQ-30/2018-19

Name of Works:- Daily Checking, Testing, Repairing and Maintenance of Street Light, Feeder Pillar Box, Joint Box etc. Maidan area under Maidan Electrical Section – IV, PWD.

Last date of receipt of application for permission of quotation on **24/09/2018 up to 03-00 P.M.**

Last date of issue of quotation: - **25/09/2018 up to 4-00 P.M.**

Quotations will be received on **26/09/2018 up to 04.30 P.M.**

Details may be available from the office of the undersigned during office hours on specified working days & may visit the Website:-https://pwdwb.in. & https://wbtenders.gov.in. In case of any unscheduled holiday / Bandh / Strike on any of the aforesaid dates, the next working day will be treated as scheduled day for the purpose.

Sd/-
Executive Engineer, PWD
Kolkata Electrical Division

NIQ, Govt. of West Bengal

Tender is hereby invited by the Executive Engineer, PWD, Kolkata IT Division, Main Block, Ground Floor, Writers' Buildings, Kolkata-700001 from the eligible contractors for the following works.

Name of Work:

1.Supply, Installation, Testing and Commissioning of Smart Class Rooms for Directorate of Technical Education & Training, West Bengal : Supply of External DVD Writer (FOR 204 Nos Smart Class Rooms at Polytechnic and ITI) [Job No. IT/OW/115 of 18-19]

NOTICE INVITING QUOTATION (No-095/KIT/Q of 18-19) Last date for submission of quotation: **26.09.2018 up to 2 PM.**

2.Supply & Installation of Desktop Computers, Printers and Other Computer Accessories for The MIC, PWD, Govt. of West Bengal at Nabanna, 325, Sarat Chatterjee Street, Nabanna, West Bengal-711102 [Job No. IT/OW/116 of 18-19]

NOTICE INVITING QUOTATION (No-096/KIT/Q of 18-19) Last date for submission of quotation: **26.09.2018 up to 2 PM.**

Corrigendum or Addendum if issued will be published only on website.**(https://www.pwdwb.in)**

Sd/-
Executive Engineer, PWD
Kolkata IT Division

NOTICE INVITING QUOTAION
N.I.Q NO. 09 & 10/Q/AE/STISD OF 2018-19

Assistant Engineer, Siliguri IT Sub-Division, P.W.Dte PWD Office Complex, near 2nd Mahananda Bridge, Hill Cart Road, Siliguri for the "AS PER ANNEXURE SHEET." Last date of Quotation dropping up to 2:00 p.m. on 24/09/18 and will be open shortly thereafter; further details may be seen on the department website:-**http://www.pwdwb.in** as well as in the above mentioned office during working hours.

Sd/- P K Chandra
Assistant Engineer,
Siliguri IT Sub-Division
P.W.Dte.

GOVERNMENT OF WEST BENGAL IRRIGATION & WATERWAYS DIRECTORATE

Competitive rates are invited from the bonafide outsiders against NIT No.- 03/EE/SDD of 2018-19 for the following works: M/R to wooden bridge over 1) Shyamnagar Khal under Block: Barrackpore- I 2) Alampur Main Khal under Block: Budge Budge- II,3) Emergent protection work over New Monikhali Khal within Maheshtala Municipality & 4) Sub-soil investigation of proposed R.C.C Bridges over Old Monikhali Khal amounting in between Rs. 341017/- to 387812/- within the district of North 24 Pgs. & South 24 Pgs. respectively, application last date 24.09.2018 up to 4.00 PM & tender opening date 28.09.2018 at 3.30 PM & details available on **www.wbiwd.gov.in & https://wbtenders.gov.in**

Sd/-
Executive Engineer
Suburban Drainage Division
Jalasampad Bhavan (7th Floor), Salt Lake
Kolkata – 700 091.

GOVT. OF WEST BENGAL
e-NIT13 of ECD of 2018-19 vide this office memo no. 2031, Dated. 13.09.2018.

Executive Engineer, Electrical Construction Division, (P.W.D), New Office Complex Building [5th Floor], Bhabani Bhawan, Alipore, Kolkata – 700 027 invites item rate e-Tender for the work **"Renovation E.I. work & repairing work Ground and First Floor of Muralidhar Girls College, Kolkata"** Stipulated Period: 45 **(forty five)** days from the date of work order/Layout. **Earnest Money: Rs. 54,419.00 to be deposited through online mode [as per Finance Dept (Audit Branch) Memorandum no. 3975-F(Y) dt28.07.16]**. Bid Submission Start date (Online): 18.09.2018 from 06:00pm, Bid Submission Closing date (Online): 28.09.2018 upto 01:00 pm. Details of Tender documents and other details information may be downloaded from: **http://etender.wb.nic.in & http://wbtenders.gov.in**

Executive Engineer,
P.W.D.,
Electrical Construction Division.

N.I.T. No. 01 of 2018-19 of the Assistant Engineer , Asansol Construction Sub- Division , P.W.D. Sealed tenders are invited from resourceful, bona-fide contractors for different works at Asansol Construction Sub-Division, P.W.D. Last Date of receipt of application is 24.09.2018. Details are available in the Website **www.pwdwb.in**

Sd/-
Assistant Engineer,
Asansol
Construction Sub-Division, P.W.D

N.I.T. No.06 of 2018-19 of Assistant Engineer / P.W.D./ Kolkata North sub-Division-III.Sealed Tenders are invited from bonafied outsiders for 01 (one) no. S&p and structural work. Last Date of application 19.09.2018 upto 2.00 P.M. For details , contact office notice board.

Sd/-
Assistant Engineer
(PWD)
Kolkata North sub-Division III
Mangal Panday uddyan
Barrackpore.

GOVT OF WEST BENGAL
NIQ NO.02/EE/BD-I/2018-19

On behalf of the Governor of West Bengal, Quotation is invited in WBF 2912 by the Executive Engineer, Berhampore Division - I, P.H.E. Dte., from Bonafide, resourceful vehicle owner / operator for Hiring 5 nos. Mahindra & Mahindra make Bolero/ Scorpio/ Ambassador for use under Executive Engineer, Berhampore Division - I, P.H.E. Dte. Last date of application 24.09.2018 upto 2.00 pm Date of opening 26.09.2018 upto 4.00 pm. For details, please visit the website:*www.wbphed.gov.in*.

Sd/-
Executive Engineer
Berhampore Division-I,
P.H. E. Dte.

Notice Inviting Tender No: 03/RWS of 2018-2019 of Assistant Engineer, RWS Hooghly Sub-Divn, PHE.Dte.

Name of Work:- Sinking of (size 100x40mm dia) different mtr. Deep Indian Mark-II tube well with PVC pipe & strainer including soak well adjacent to Mark-II tube well in sourceless Anganwadi Centers located at Govt. Premises under Different Blocks of Hooghly District under RWS Hooghly Sub-Divn, PHE dte. under Hooghly Division, P.H.E.Dte. (Sl.No,1,2,3,4,5,6,13 & 14)

Last date of application: **25/09/2018 up to 04-00 P.M.**

Eligibility of Contractor: Bonafide Contractor having credential of such type of works.

Details of Tender : wbphed.gov.in

Sd/-
Assistant Engineer,
RWS Hooghly Sub-Division, P.H.E.Dte.

পূর্ব রেলওয়ে

এনআইটি নং. টি-এম-এম-১৭-ক্লিনলিনেস-২০১৮, তারিখ: ১০.৯.২০১৮। ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে/হাওড়া কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য নথিভুক্ত ফার্ম তৎসহ আবশ্যক আর্থিক সঙ্গতি এবং একই ধরনের কাজে অভিজ্ঞতা সম্বলিত টেন্ডারদাতাদের থেকে অনলাইন ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে: **কাজের বিবরণ:** ৭৩০ দিন (২ বছর) মেয়াদের জন্য বাইরের এজেন্সি দ্বারা টিপিএইচ, এলপিএই, এসিএলই, এসডিআই, পিএসএই এবং জিপিএই রেলওয়ে স্টেশন কমপ্লেক্স ও চারপাশের এলাকায় যান্ত্রিক/ ম্যানুয়াল সাফাই কাজের আউটসোর্সিং। **আনুমানিক মূল্য:** ₹১,৪৭,৫২,১১০.৪০। **বায়না অর্থ:** ₹২,২৩,৭৭০। **টেন্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়:** ১৫.১০.২০১৮ তারিখ বেলা ১১টায়। **টেন্ডারের বিশদ বিবরণ ওয়েবসাইট: www.ireps.gov.in** থেকে পাওয়া যাবে। টেন্ডারদাতাদের উপরোক্ত ওয়েবসাইটে তাদের প্রস্তাব অনলাইন জমা দিতে অনুরোধ করা হচ্ছে। কোন ম্যানুয়াল প্রস্তাব গ্রহণ করা হবে না।

Signet (হাওড়া-১২৪/২০১৮-২০১৯)

টেন্ডার বিজ্ঞপ্তি পূর্ব রেলওয়ে-এর ওয়েবসাইট: www.er.indianrailways.gov.in থেকেও পাওয়া যাবে

NABADWIP MUNICIPALITY
NABADWIP, NADIA

TENDER NO : 6/WS/NM/2018-19. Date of Submission of application 17.09.2018 up to 11.30 AM. Detail notice and any information may be had from the Water supply department and from the Website, www.nabadwipmunicipality.org.

Sd/-
Chairman
Nabadwip Municipality.

ULUBERIA MUNICIPALITY
ULUBERIA * HOWRAH

TENDER NOTICE

Notice Inviting Tender NIT: UM/08/WWD/2018-19 dated 13.09.2018 of Uluberia Municipality. Details are available in our office 11.00 A.M. to 5.30 P.M. (Working days)

Executive Officer
Uluberia Municipality